ফ্যামিলি গাইড টু প্রি-K কোয়ালিটি স্ন্যাপশট

প্রি-K মানের (কোয়ালিটি) স্ন্যাপশট বলতে কী বোঝায়? নিউ ইয়র্ক সিটিব্যাপী প্রতিটি প্রি-K ফর অল প্রোগ্রামের মানের বিভিন্ন দিকগুলি বুঝতে এটি একটি উপকরণ, যা আপনার জন্য সহায়ক হতে পারে। আপনার জন্য আমাদের লক্ষ্য হচ্ছে আপনার সন্তান এবং পরিবারের চাহিদা সর্বাধিক পূরণ করে, এমন একটি প্রোগ্রাম বেছে নেয়ায় আপনাকে তথ্য প্রদান করা।

মান সংক্রান্ত ব্যাপার জানতে স্ন্যাপশট হলো অনেকগুলি উপায়ের অন্যতম একটি। আমরা পর্যবেক্ষণের জন্য, প্রি-K নেতৃবৃন্দ ও শিক্ষকদের কাছে প্রশ্ন জিজ্ঞেস করতে, এবং অন্যান্য পরিবারদের সাথে তাদের প্রি-K অভিজ্ঞতা সম্পর্কে আলাপ করতেও আপনাকে উৎসাহিত করছি।

প্রি-K মানের (কোয়ালিটি) স্ন্যাপশটটি আমি কীভাবে ব্যবহার করতে পারি? প্রি-K কোয়ালিটি স্ন্যাপশট - প্রোগ্রামের মানের তথ্যের একটি সূত্র যা আপনি প্রি-K-তে আবেদনের সিদ্ধান্ত গ্রহণের সময় ব্যবহার করতে পারেন। উচ্চ-মানের প্রোগ্রামে অনেকগুলি উপাদান থাকে এবং স্ন্যাপশটের তথ্য কিছু গুরুত্বপূর্ণ মূল্যায়ন এবং জরিপের তথ্য এক জায়গায় দেখার জন্যে একটি সহজ উপায় হতে পারে।

আপনি যে প্রি-K প্রোগ্রামগুলো বিবেচনা করছেন, সেখানকার নেতৃবৃন্দ ও শিক্ষকদের সাথে আলোচনার জন্য স্ন্যাপশট ব্যবহার করতে পারেন। আমরা আপনাকে প্রতিটি প্রি-K প্রোগ্রাম সম্পর্কে আরও ভালোভাবে বুঝতে, আপনার আগ্রহের প্রি-K প্রোগ্রাম পরিদর্শন করতে এবং প্রোগ্রামের নেতৃবৃন্দ ও শিক্ষকদের সাথে কথা বলতেও উৎসাহিত করি। প্রোগ্রামের কর্মীগণ নির্দিষ্ট প্রোগ্রামের শক্তিশালী দিকগুলি সম্পর্কে আপনার সাথে আলাপ করতে সক্ষম হবে। প্রোগ্রামের নেতৃবৃন্দ আপনার স্ন্যাপশট সম্পর্কিত প্রশ্নের উত্তর দেবে বলে আমরা প্রত্যাশা করি।

প্রোগ্রাম সম্পর্কে প্রোগ্রামের লিডার এবং শিক্ষকদের জিজ্ঞেস করতে পারেন, এমন কিছু প্রশ্নের পরামর্শ সহ একটি তালিকার জন্য nyc.gov/prek ভিজিট করুন।

প্রি-K কোয়ালিটি স্ন্যাপশটটি আমি কীভাবে দেখতে পারি? প্রি-K কোয়ালিটি স্ন্যাপশটে যেতে:

- MySchools.nyc -সাইটে মাইস্কুলস্-এ ভিজিট করুন।
- আপনি আরও জানতে আগ্রহী এমন যেকোন প্রি-K প্রোগ্রামে ক্লিক করুন
- কর্মসম্পাদনা (পার্ফরমেন্স)-এর নিচের লিংক "স্কুল কোয়ালিটি স্ন্যাপশট দেখুন"-এ ক্লিক করুন

প্রি-K কোয়ালিটি দেখতে কেমন? গবেষণায় দেখা গেছে, যেসব শিক্ষার্থীর উচ্চ-মানসম্পন্ন প্রি-K অভিজ্ঞতা রয়েছে তারা এলিমেন্টারি স্কুলে খুব ভালো করেছে এবং তাদের হাই স্কুল এবং কলেজ গ্র্যাজুয়েট হবার সম্ভাবনাও বেশি। উচ্চ-মানসম্পন্ন প্রি-K-তে, শিক্ষার্থীরা খেলা, অনুসন্ধান, এবং শিক্ষক ও সহপাঠীদের সাথে সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে শিক্ষা লাভ করে। প্রি-K শিক্ষকগণ এমনভাবে ক্লাসরুম প্রস্তুত করে যেন শিক্ষার্থীরা বিভিন্ন খেলনা ও সরঞ্জাম ব্যবহার করতে, ছোট দলে কাজ করতে, এবং বছরব্যাপী আরো স্বনির্ভর হতে শেখে। প্রি-K এমন একটি সময় যখন শিক্ষার্থীরা একসাথে খেলতে, শেয়ার করতে, পালাক্রমে কাজ করতে, এবং কথার মাধ্যমে নিজেদের চিন্তা ও অনুভূতির প্রকাশ ঘটাতে শেখে। স্কুলের ভিতরে এবং বাইরে নানান জিনিস আঁকতে, তৈরি, অভিনয়, ও খেলাধুলা করতে, শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের খেলনা এবং অন্যান্য সরঞ্জাম ব্যবহার করে। তারা প্রশ্ন জিজ্ঞেস করতে এবং নতুন চিন্তা-ভাবনা অন্বেষণ করতে শেখে। প্রি-K প্রোগ্রামগুলো স্কুলে, বাড়িতে ও জীবনে সফল হওয়ার জন্য ছেলেমেয়েদেরকে ভিত্তি তৈরি করতে সাহায্য করে।

সকল প্রি-K প্রোগ্রামের পাশাপাশি, NYCDOE-এর ডিস্ট্রিক্ট স্কুল, প্রি-K সেন্টারসমূহ, নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারসমূহ (NYCEECs), এবং চার্টার স্কুলসমূহের জন্যে, আর্লি চাইল্ডহুড ফ্রেমওয়ার্ক ফর কোয়ালিটি-তে যেভাবে রূপরেখা করা আছে সেই অনুযায়ী একই মান ধার্য করে।

আমরা স্ন্যাপশটে মান (কোয়ালিটি) কীভাবে পরিমাপ করি? পরিবার এবং শিক্ষকদের NYC স্কুল জরিপ -এর পাশাপাশি স্ন্যাপশটে প্রোগ্রামের মূল্যায়নের ড্যাটা অন্তর্ভুক্ত থাকে। "প্রোগ্রাম মূল্যায়নসমূহের" ভিত্তি প্রি-K ক্লাসরুমগুলিতে কী ঘটে সেগুলোর পর্যবেক্ষণ। NYCDOE-এর মূল্যায়ন বিশেষজ্ঞগণ মান (কোয়ালিটি) পরিমাপ এবং প্রোগ্রামগুলোকে তাদের মূল্যায়নের স্কোর প্রদান করার জন্যে প্রশিক্ষণ প্রাপ্ত। মূল্যায়ন বিশেষজ্ঞগণ নিচের তিনটি পরিমাপের উপকরণ ব্যবহার করেন:

- **ক্লাসরুম মূল্যায়ন স্কোরিং সিস্টেম (CLASS)** একটি জাতীয় টুল বা উপকরণ যা প্রি-K ক্লাসরুমে শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে যা ঘটে সেসব পারস্পরিক সম্পর্কের ধরনগুলি পর্যবেক্ষণ করে।

- **আর্লি চাইল্ডহুড এনভায়রনমেন্ট রেটিং স্কেল (ECERS-R)** একটি জাতীয় টুল বা উপকরণ যা প্রি-K শিক্ষণ পরিবেশ পর্যবেক্ষণ করে। এতে অন্তর্ভুক্ত ক্লাসরুম এবং খেলারমাঠের অবস্থানের মতো জিনিসগুলিও, যেভাবে শিক্ষার্থীদের তদারকি করা হয়, যেসব সামগ্রী তাদের ব্যবহার করতে হবে, এবং যে পরিমাণ সময় তারা খেলায় ব্যয় করে।
- **কোয়ালিটি রিভিউ** NYCDOE কর্তৃক তৈরি করা একটি প্রক্রিয়া যা শিক্ষার্থী শিক্ষণ এবং শিক্ষকের অনুশীলনে সহায়তাদানের জন্য ডিস্ট্রিক্ট স্কুলগুলি কতটা সংগঠিত সেটি পর্যবেক্ষণ করে। কোয়ালিটি রিভিউ পুরো স্কুলের প্রতি নজর রাখে, শুধু প্রি-K প্রোগ্রামের উপর নয়।

CLASS, ECERS-R, এবং কোয়ালিটি রিভিউ প্রতিটি কর্মসূচির জন্য প্রত্যেক বছরে হয় না, কিন্তু আপান স্ন্যাপশটের গত তিন স্কুল বছরের রেকর্ড থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে পারেন, এর মধ্যে থাকবে প্রতিটি মূল্যায়ন কখন হয়েছে তার তারিখও।

স্ন্যাপশটের রেটিং থেকে কী বোঝা যায়? একটি প্রোগ্রামের শক্তিশালী এবং উন্নতির দিকগুলি স্ন্যাপশট রেটিংয়ে দেখা যায়। CLASS এবং ECERS-R মূল্যায়ন দ্বারা যেসব ক্ষেত্র পরিমাপ করা হয়, সেগুলির ফল চার বার রেটিংয়ে দেখানো হয়। চারটি বার দিয়ে বোঝায় প্রোগ্রামটি এই ক্ষেত্রে "অসাধারণ", তিনটি বার দিয়ে বোঝায় "ভালো," দুটি বার দিয়ে বোঝায় "মোটামুটি," এবং একটি বার দিয়ে বোঝায় "উন্নতি প্রয়োজন।" প্রি-K কোয়ালিটি স্ন্যাপশটে বার রেটিংগুলি উপরে আলোচিত প্রোগ্রামের মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে তৈরি করা।



NYC স্কুল জরিপ দ্বারা যেসব ক্ষেত্র পরিমাপ করা হয়, স্ন্যাপশটে সেগুলি এই প্রশ্নটি শতকরা কত শতাংশ পরিবার ইতিবাচকভাবে উত্তর দিয়েছে সেটি দেখায়।

প্রি-K কোয়ালিটি স্ন্যাপশট দেখায় প্রতিটি প্রোগ্রামের রেটিং যা একই স্কুল ডিস্ট্রিক্টের অন্য প্রোগ্রামগুলির গড়ের পাশে আছে। এটি আপনাকে প্রতিটি প্রোগ্রামের পাশের অন্য কর্মসূচিগুলির সাথে তুলনার সুযোগ দেয় যাতে আপনি আপনার সন্তান এবং আপনার পরিবারের চাহিদা সর্বাধিক পূরণ করে এমন একটি প্রোগ্রাম খুঁজে পান।

কিছু প্রোগ্রামের কোনও স্ন্যাপশট নেই অথবা তাদের স্ন্যাপশটে "প্র/ন" থাকে কেন? যদি কোন প্রোগ্রামের স্ন্যাপশট না থাকে, তার অর্থ ঐ প্রোগ্রামের জন্য কোন লভ্য ড্যাটা নেই। যদি কোন প্রোগ্রামের স্ন্যাপশটে "প্র/ন" থাকে, তার অর্থ ঐ প্রোগ্রামের ড্যাটা কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য লভ্য নয়। এটি প্রি-K ফর অল-এ যেসব প্রোগ্রাম নতুন, সেগুলোর বেলায় ঘটতে পারে।

কোন প্রোগ্রামে "প্র/ন" অথবা স্ন্যাপশট না থাকলে, এটি বোঝায় না যে প্রোগ্রামটি উচ্চ-মানের নয়, এতে শুধু বোঝায় আমরা এখনও সেটি পরিমাপ করিনি।

সহায়ক লিংকসমূহ

- প্রি-K আবেদনের তথ্য
- MySchools
- ফ্রেমওয়ার্ক ফর গ্রেট স্কুলস্
- আর্লি চাইল্ডহুড ফ্রেমওয়ার্ক ফর কোয়ালিটি
- প্রোগ্রাম অ্যাসেসমেন্ট ইনফর্মেশন
- NYC স্কুল জরিপ
- মান নিরীক্ষণ (কোয়ালিটি রিভিউ)